



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ রা-৮৭/২০১৬/ ১৬৫৬৬

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বেড়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২১.০৯.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ১৫.০৩.২০২৪ খ্রি. থেকে ১৪.০৩.২০২৮ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. উপাধ্যক্ষের জন্য আলাদা সুসজ্জিত কক্ষের ব্যবস্থা করতে হবে।
২. একাডেমিক কমিটি গঠন করে শিক্ষার মান উন্নয়ন তথা শ্রেণি কক্ষে মান সম্পন্ন পাঠদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩. মাদরাসার যে সব জমির নামজারী নেই তা নামজারী করতে হবে এবং কর পরিশোধবিহীন জমির কর পরিশোধ করতে হবে।
৪. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা বঙ্গবন্ধু কর্ণারকে আরো সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
৫. লাইব্রেরীর জন্য আলাদা কক্ষ নির্ধারণ করে প্রয়োজনীয় আসবাবপত্র ও বই ক্রয় করে তা ব্যবহারের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে।
৬. অর্থ কমিটি গঠন করতে হবে এবং আয়-ব্যয়ের হিসাব গভর্নিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৭. বিজ্ঞান বিভাগের জন্য আলাদা ল্যাব কক্ষ নির্ধারণ করে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করতে হবে।
৮. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

বেড়া ফাজিল মাদরাসা,

ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ রা-৮৭/২০১৬/ ১৬৫৬৬

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, বেড়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা।
৮. অফিস নথি।

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪